

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
অপারেশন-১ অধিশাখা  
www.emrd.gov.bd

বিষয়: ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসভিত্তিক অপরিশোধিত তেল আমদানির কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত মনিটরিং কমিটির ফেব্রুয়ারি, ২০২২ মাসের প্রতিবেদন।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) কর্তৃক ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ১২.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। তদনুযায়ী প্রতিমাসে ১.০০ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা প্রয়োজন। সে পরিপ্রেক্ষিতে ফেব্রুয়ারি ২০২২ মাসে ০.৯৯ লক্ষ মে.টন অপরিশোধিত জ্বালানি তেল আমদানি করা হয় যা লক্ষ্যমাত্রার ০.১ লক্ষ মে.টন কম।

২। অপরিশোধিত জ্বালানি তেল আমদানি কার্যক্রম সরেজমিনে পরিদর্শনের লক্ষ্যে গত ১৯/০২/২০২২ তারিখে বিপিসির ব্যবস্থাপক (এমআইএস) ও অপরিশোধিত জ্বালানি তেল আমদানি মনিটরিং কমিটির সদস্য-সচিব জনাব এস, এম, জুবায়ের হাসান ইন্টার্ন রিফাইনারী লিমিটেড পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের অংশ হিসেবে ইআরএল এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ ও পরবর্তীতে বিপিসি'র বাণিজ্য ও অপারেশন বিভাগের সাথেও মত বিনিময় করেন (সংযুক্তি-০১)।

৩। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী জুলাই'২১ হতে ফেব্রু'২২ মাস পর্যন্ত অপরিশোধিত তেল আমদানির লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের বিবরণ নিম্নরূপঃ

পরিমাণঃ লক্ষ মেট্রিক টন

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অর্জন								সর্বমোট
		জুলাই	আগস্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর	জানুয়ারি	ফেব্রুয়ারি	
ক্রুড অয়েল আমদানি	১২.০০	১.৭৯	০.৯৯	১.৯৭	০.৯৮	০	০.৯৯	০.৯৯	০.৯৯	৮.৭০

৪। ২০২১-২২ অর্থবছরে ক্রুড অয়েল (এএলসি ও মারবান) এর জানু'২২ – ফেব্রু'২২ মাসের মজুদ বিবরণী নিম্নরূপঃ

ক্রমিক নং	মাস	গ্রেড	পরিমাণঃ (মেট্রিক টন)
১	জানুয়ারি ২০২২	এএলসি	২০,৫০০
		মারবান	৮১,১৩৫
২	ফেব্রুয়ারি ২০২২	এএলসি	৮৯,০৭০
		মারবান	১৬,০০০


৫। ২০২১-২২ অর্থবছরে ইআরএল কর্তৃক জানু'২২ – ফেব্রু'২২ মাসের ক্রুড অয়েল পরিশোধনের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	মাস	কার্যক্রম	পরিমাণঃ (মেট্রিক টন)
১	জানুয়ারি ২০২২	ক্রুড পরিশোধন	১,৩৭,৮১০
		উচ্চ	২০,০৯৫
		মধ্যম	৬২,৪৫৩
		নিম্ন	৫২,৯২১
২	ফেব্রুয়ারি ২০২২	ক্রুড পরিশোধন	১,২৬,৪১৫
		উচ্চ	১৯,৫৭৫
		মধ্যম	৫৯,৭৯০
		নিম্ন	৪৪,৯০০

৬। মনিটরিং কমিটির সুপারিশঃ

ক) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী মার্চ ২০২২ মাসের অপরিশোধিত তেল আমদানি ১ লক্ষ মে.টন এর বেশি অর্জন করতে হবে।

খ) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ক্রুড অয়েল মজুদ ও ইআরএল কর্তৃক ক্রুড অয়েল পরিশোধন কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখতে হবে।



(এস. এম. জুবায়ের হাসান)  
ব্যবস্থাপক (এমআইএস)  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
ও  
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

(মোঃ কবির উদ্দিন)  
সিস্টেম এনালিস্ট  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও  
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(এইচ. এম খালিদ ইফতেখার)  
উপসচিব (পরিকল্পনা-১)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও  
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

(ড. মহঃ শের আলী)  
যুগ্মসচিব (অপারেশন)  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
ও  
আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি